

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

পরিকল্পনা ১ শাখা

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের জুলাই ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২২/০৮/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের জুলাই ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভার অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। সভায় উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আব্দুল জিলি।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে ০৬টি অনুমোদিত এবং ১৬টি অনুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ রয়েছে ৩০৩২৭.০০ লক্ষ টাকা এবং থোক বরাদ্দ রয়েছে ১০৯৬৩.০০ লক্ষ টাকা। জুলাই ২০১৭ মাসে কোন অর্থ অবযুক্ত হয়নি। তবে আগস্ট ২০১৭ মাসে সকল প্রকল্পের অর্থ অবযুক্ত করা হয়েছে, যা আগস্ট ২০১৭ মাসের ব্যয়ের হিসাবে প্রতিফলিত হবে। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১	<p>“মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প</p> <p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠার বিষয়ে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে, তা সময় সময় মন্ত্রণালয়কে অবহিত করা এবং আন্তরিকতা ও দুততার সাথে সম্পাদন করা এবং এ বিষয়ে সময় সময় মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।</p> <p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠার কার্যক্রম গ্রহণ করা হয়েছে, তা সময় সময় মন্ত্রণালয়কে অবহিত করা এবং আন্তরিকতা ও দুততার সাথে সম্পাদন করা এবং এ বিষয়ে সময় সময় মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।</p> <p>ক) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম আন্তরিকতা ও দুততার সাথে সম্পাদন করা এবং এ বিষয়ে সময় সময় মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।</p> <p>খ) ২০১৭ শিক্ষাবর্ষে “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা বেইজ তৈরির লক্ষ্যে গৃহীত পদক্ষেপ আগামী সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>গ) সরেজমিনে প্রকল্পের শিক্ষা কেন্দ্র পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে এবং ফিন্ড সুপারভাইজার ও কেয়ারটেকারগণ যাতে নিয়মিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কেন্দ্র পরিদর্শন করেন তা নিশ্চিত করতে হবে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক</p> <p>প্রকল্প পরিচালক</p> <p>প্রকল্প পরিচালক</p>	
৩.২	<p>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ -২য় পর্যায় প্রকল্প</p> <p>সভায় জানানো হয় যে, অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশ অনুযায়ী বর্ণিত প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অতিশীঘ্ৰেই তা অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।</p>	<p>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ -২য় পর্যায় প্রকল্পটি প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.৩	<p>ইসলামী পুষ্টক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প</p> <p>সভায় প্রকল্পের কার্যক্রমের বিষয়ে মন্ত্রী মহোদয়কে অবহিত করা হয়। জানানো হয় যে, জনবল কমিটির সভা ২২/০৮/২০১৭ তারিখ বিকাল ৪.৩০ টায় অনুষ্ঠিত হবে।</p>	<p>ক) প্রকল্পের মাসভিত্তিক কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>খ) প্রকল্পের জনবল নিয়োগের বিষয়ে ডিপিপি এবং প্রকল্পে নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক উদ্দের পরে পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক</p> <p>প্রকল্প পরিচালক</p>

(চলমান পৃঃ/২)

৩.৪	<p><u>ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরিতে প্রকল্প সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>প্রকল্প পরিচালক সভায় জানান যে, সময়ের অভাবে গত অর্থ-বছরে দরপত্র আহবান করে সফটওয়্যার তৈরি এবং ডাটা-এন্ট্রির কাজটি করা সম্ভ হয়নি। এটি এ বছর করা সম্ভব হবে।</p>	<p>দরপত্র আহবান করে সফটওয়্যার তৈরি এবং ডাটা-এন্ট্রির কাজটি চলতি অর্থ বছরে সম্প্রসারণ করতে হবে।</p>	প্রকল্প পরিচালক
৩.৫	<p><u>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে প্রকল্পটির ওপর পিইসি সভা ০৭.০৯.২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হবে। সভাপতি দুট পিইসি সভা অনুষ্ঠানপূর্বক প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	<p>“মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়” শীর্ষক প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠানপূর্বক প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৩.৬	<p><u>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প</u></p> <p>প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের দুই কিসির অর্থ ছাড় করা হয়েছে এবং কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সংশোধিত প্রকল্পটি অনুমোদনের সার-সংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রীর অনুমোদনের লক্ষ্যে উপস্থাপন করা হয়েছে। সভাপতি প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	<p>ক) প্রকল্পের মাসভিত্তিক কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে।</p> <p>খ) ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পটির সংশোধিত প্রকল্প প্রস্তাবের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p>	প্রকল্প পরিচালক
৩.৭	<p><u>প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির দুই কিসির অর্থ ছাড় প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে তা যাচাই-বাছাই করা হচ্ছে।</p>	<p>ক) প্রকল্পটি সমাপ্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>খ) প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্রক্রিয়াকরণ করতে হবে।</p>	প্রকল্প পরিচালক
৩.৮	<p><u>তৃতী পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী হাসপাতাল স্থাপনের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের ক্ষেত্রে বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য সম্মতি পাওয়া গেছে এবং রাঙামাটি জেলার জন্য সম্মতি পাওয়া গেছে এ পর্যায়ে প্রকল্পের শিরোনাম পরিবর্তন করে সে দুটি জেলার জন্য হাসপাতাল তৈরির ডিপিপি প্রণয়নের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>প্রকল্পের শিরোনাম পরিবর্তন করে বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য মিশন হাসপাতাল স্থাপনের নিমিত্ত অতিসত্ত্ব ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.৯	<p><u>গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কর্মসূল স্থাপন প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৯/০৬/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	<p>গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কর্মসূল স্থাপন প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১০	<p><u>সিরতা, ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কর্মসূল ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেটার শক্তিশালীকরণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির পিইসি সভা ২৪.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত হবে। সভাপতি প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষার ওপর গুরুত্বারোপ করেন।</p>	<p>সিরতা, ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কর্মসূল ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেটার শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পটির দুট অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p>	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন

৩.১১	<p><u>ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্প</u></p> <p>গণপূর্তি বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, প্রকল্প খসড়া নির্মাণ ব্যয় সম্পন্ন করা হয়েছে, আগামী ০৭ দিনের মধ্যে তা ইসলামিক ফাউন্ডেশনে প্রেরণ করা হবে।</p>	<p>ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের ডিপিপি প্রগতিন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১২	<p><u>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রগতিনের জন্য গঠিত কমিটির প্রথম সভা ১৫/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভায় জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রগতিনের জন্য গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p>	<p>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রগতিনের জন্য গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১৩	<p><u>প্রতি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির অনুমোদন আদেশ পরিকল্পনা কমিশন কর্তৃক জারি করা হয়েছে। প্রশাসনিক আদেশের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশন এবং অর্থনৈতিক সম্পর্কে বিভাগে প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন।</p>	<p>প্রকল্পটি প্রশাসনিক অনুমোদন জারি এবং অর্থ বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশন এবং অর্থনৈতিক সম্পর্কে বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১৪	<p><u>বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত্তি বিশিষ্ট ২ টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর অনুষ্ঠিত ডিপিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করা হচ্ছে। আগামী ০৭ কর্মদিবসের মধ্যে তা মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়।</p>	<p>প্রকল্পটির ওপর অনুষ্ঠিত ডিপিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও ওয়াকফ প্রশাসক</p>
৩.১৫	<p><u>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, কুয়েত সরকারের অর্থায়নে ২০ তলা ভবন নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য গঠিত কমিটির প্রথম সভা ১৫/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করে সম্ভাব্যতা যাচাইয়ের কার্যক্রম করা হবে। সভাপতি প্রকল্পটির জন্য কুয়েত সরকারের নিকট হতে প্রাপ্ত অর্থ ব্যয় না হওয়ায় এবং প্রকল্পের কার্যক্রম শুরু না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত সম্ভাব্যতা যাচাইয়ের কার্যক্রম সম্পন্ন করে প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>ক) দ্রুত সম্ভাব্যতা যাচাইয়ের কার্যক্রম সম্পন্ন করে প্রকল্পের নির্মাণ কাজ শুরু করতে হবে।</p> <p>খ) কুয়েতের সহায়তায় আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের অগ্রগতির তথ্যাদি প্রেরণের জন্য ইসলামিক ফাউন্ডেশনকে তাগিদপত্র দিতে হবে এবং এর কপি মাননীয় মন্ত্রিকে দিতে হবে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p> <p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়</p>
৩.১৬	<p><u>ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখনা আধুনিকীকরণ প্রকল্প</u></p> <p>সভায় ইসলামিক ফাউন্ডেশনের ছাপাখনা আধুনিকীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে অনুযায়ী ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সভায় একক্ষেত্রে প্রকাশ করা হয়।</p>	<p>ইসলামিক ফাউন্ডেশন ছাপাখনা আধুনিকীকরণের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১৭	<p><u>বায়তুল মোকাররম মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্প</u></p> <p>বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য ইতোমধ্যে সম্পাদিত প্রকল্পের মূল কাজের মাস্টার প্ল্যান স্থপতি সংসদ লি: হতে সংগ্রহ করা হয়েছে। উক্ত মাস্টার প্ল্যান পর্যালোচনা করে বায়তুল মোকাররম মসজিদের পূর্বদিকের টিনসেড অংশটি মসজিদ ডিজাইনের সাথে সঙ্গতিপূর্ণ ও নান্দনিক সৌন্দর্যে পরিপূর্ণ করে গড়ে তোলার লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। খ) বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়ন কাজের মাস্টার প্ল্যানের একসেট কপি মন্ত্রণালয়কে সরবরাহ করতে হবে।</p> <p>গ) মসজিদের পূর্ব দিকের গেইটের সন্নিকটের অংশ সবসময় পরিষ্কার রাখতে হবে।</p>	<p>ক) স্থপতি সংসদ হতে সংগৃহীত বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়ন প্ল্যান-পর্যালোচনা করে বায়তুল মোকাররম মসজিদের পূর্বদিকের টিনসেড অংশটি মসজিদ ডিজাইনের সাথে সঙ্গতিপূর্ণ ও নান্দনিক সৌন্দর্যে পরিপূর্ণ করে গড়ে তোলার লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।</p> <p>খ) বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়ন কাজের মাস্টার প্ল্যানের একসেট কপি মন্ত্রণালয়কে সরবরাহ করতে হবে।</p> <p>গ) মসজিদের পূর্ব দিকের গেইটের সন্নিকটের অংশ সবসময় পরিষ্কার রাখতে হবে।</p>	<p>মহাপরিচালক , ইসলামিক ফাউন্ডেশন</p>

- ৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাননীয় মন্ত্রী ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে
স্ব-স্ব দায়িত্ব সময়মত ও সুষ্ঠুভাবে সম্পাদনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্থা:/-২৪/০৯/২০১৭ খ্রি.

অধ্যক্ষ মতিউর রহমান

মন্ত্রী

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

তারিখ: ২৪.০৯.২০১৭ খ্রি.

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০৮.০৮২.১৪.৩৭৩

অনুলিপি: জাতার্থে ও কার্যার্থে (জ্যোত্তর ক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দ্রঃ আঃ যুগ্মসচিব, বাজেট-০৭]।
 ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ০৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
 ০৫। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্কাটন, ঢাকা।
 ০৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
 [দ্রঃ আ: জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
 ০৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
 [দ্রঃ আ: জনাব সৈয়দ রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১, বিভাগ-৩]।
 ০৮। যুগ্ম-সচিব (হজ্জ/সংস্থা/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ০৯। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
 ১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
 ১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
 ১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
 ১৩। উপসচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১৫। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
 ১৬। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪৮ পর্যায়” শীর্ষক প্রকল্প, ঢাকা।
 ১৭। প্রকল্প পরিচালক “প্যাগোড় ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প, জোবেদা ভিলা (২য় তলা), ৬৭/৪, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
 ১৮। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ”
 শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
 ১৯। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
 ২০। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
 ২১। প্রকল্প পরিচালক, “ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইবেরীতে পুস্তক সংযোজন ও
 পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
 ২২। সচিব, হিন্দু/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
 ২৩। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
 ২৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
 ২৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
 ২৭। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
 ২৮। অফিস কপি/মাস্টার কপি।

সভার সিদ্ধান্তের
 বাস্তবায়ন অগ্রগতি
 আগস্ট ১১/০৯/১৭
 তারিখের মধ্যে ই-
 মেইল এবং
 হার্ডকপি বিন
 ব্যর্থতায় মন্ত্রণালয়ে
 প্রেরণের জন্য
 অনুরোধ করা হ'ল।

স্থা:/-২৪/০৯/২০১৭ খ্রি.

মো: সাখাওয়াত হোসেন

উপসচিব (উন্নয়ন)

ফোনঃ ৯৫৭৭২৩৭